

তারিখ

কক্ষ

ইসলামিক বিশ্ববিদ্যালয়



রেজিস্ট্রারের কার্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়

কুষ্টিয়া

তারিখ : ১৮-০৪-২০০২ ইং

স্মারক নং : ২৭/শিক্ষা/ইবি-২০০২/৩০১

বিজ্ঞপ্তি

২০০২-২০০৩ শিক্ষাবর্ষে এমফিল/পিএইচডি কোর্সে রেজিস্ট্রেশনের জন্য দরখাস্ত আহ্বান

ইসলামী বিশ্ববিদ্যালয়ে আল-কুরআন এন্ড ইসলামিক টাডিজ, দাওয়াহ এন্ড ইসলামিক টাডিজ, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, আইন ও মুসলিম বিধান, অর্থনীতি, আর্থিক জাৰা ও সাহিত্য, বাংলা, ইংরেজী, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দাঈনীতি ও শোক প্রশাসন, আল-হাদীস এন্ড ইসলামিক টাডিজ, ইন্টেলিজেন্স ও ফলিত পদার্থবিজ্ঞান, কম্পিউটার বিজ্ঞান ও প্রযুক্তি, ফলিত রসায়ন ও বাসায়নিক প্রযুক্তি, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি, বায়োটেকনোলজি এবং ফলিত পুষ্টি ও খাদ্য বিজ্ঞান বিভাগসমূহে ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে এমফিল/পিএইচডি কোর্সে গবেষণার নিমিত্তে রেজিস্ট্রেশনের জন্য যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত করমে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। অগ্রগণ্য ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় বিশ্ববিদ্যালয়ের বিবিধ রশিদের মাধ্যমে চলতি হিসাব নং- ০৩-এ ১০০/- (এক শত) টাকা জমা দিয়ে ব্যাংক থেকে আবেদনপত্র ২০-৪-২০০২ থেকে ৩০-৫-২০০২ ইং তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) সংগ্রহ করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

১। এমফিল প্রোগ্রামে আবেদনের জন্য প্রার্থীদের ন্যূনতম যোগ্যতা :

- প্রার্থীকে অবশ্যই এই বিশ্ববিদ্যালয় অথবা অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে/সম্বন্ধযুক্ত বিষয়ে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রী থাকতে হবে।
- প্রার্থীকে স্নাতক (সম্মান) পরীক্ষার ন্যূনতম ৪৫% নম্বরসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী এবং স্নাতকোত্তর পরীক্ষার ন্যূনতম ৫০% নম্বরসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। শুধু ইংরেজী বিভাগের প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি অথবা এইচএসসি পরীক্ষার যে কোন একটিতে প্রথম বিভাগসহ স্নাতকোত্তর পরীক্ষার ৪৫% নম্বর থাকতে হবে।
- যে সকল প্রার্থীর স্নাতক (সম্মান) ডিগ্রী নেই সে সকল প্রার্থীকে স্নাতক (পাস) পরীক্ষার ন্যূনতম প্রথম বিভাগ অথবা স্নাতকোত্তর পরীক্ষার প্রথম শ্রেণীসহ শিক্ষার অন্যান্য তরমে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে।
- শিক্ষাগত যোগ্যতার কোন তরমে তৃতীয় বিভাগ/শ্রেণী থাকলে প্রার্থীর আবেদন বিবেচিত হবে না।
- এমবিবিএস এবং বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে ৫০% নম্বর থাকলে এমফিল কোর্সে ভর্তির নিমিত্তে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- যদি কোন প্রার্থীর ০৩ (তিন)টি গবেষণামূলক প্রবন্ধ কোন অনুমোদিত জার্নালে প্রকাশিত হয়ে থাকে তবে উপরোক্ত ৪, ৫ ও ৬ ধারার বর্ণিত শর্তের যে কোন একটি শর্ত পূরণ করতে পারবে এবং এমফিল প্রোগ্রামে ভর্তির নিমিত্তে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে (তবে এ ধারার নির্বাচিত এবং উত্তীর্ণ প্রার্থীকে পিএইচডি প্রোগ্রামে স্থানান্তর করার কোন সুযোগ নেই)।

২। পিএইচডি প্রোগ্রামে আবেদনের জন্য প্রার্থীদের ন্যূনতম যোগ্যতা :

- পিএইচডি প্রোগ্রামে নিম্নবর্ণিত শর্তের যে কোন একটি শর্ত পূরণ করলে প্রার্থী ভর্তির নিমিত্তে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- প্রার্থীর অবশ্যই এ বিশ্ববিদ্যালয় অথবা অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট/সম্বন্ধযুক্ত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। প্রার্থীকে সাধারণত স্নাতকোত্তর পরীক্ষার ন্যূনতম ৫০% নম্বরসহ শিক্ষাগত যোগ্যতার সকল তরমে দুই একাডেমিক রেকর্ড থাকতে হবে। প্রার্থীর কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে ন্যূনতম দু'বছরের শিক্ষকত্ব/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে এবং তার সংশ্লিষ্ট গবেষণার বিষয়ে ন্যূনতম ২টি গবেষণামূলক প্রবন্ধ কোন স্ট্যাভার্ড জার্নালে প্রকাশিত হতে হবে।
- শিক্ষাগত যোগ্যতার যে কোন তরমে ৩য় বিভাগ/শ্রেণী থাকলে প্রার্থী আবেদন করতে পারবে না। শর্ত থাকে যে, যদি প্রার্থী সংশ্লিষ্ট গবেষণার বিষয়ে বিশেষ অবদান রাখেন, তবে প্রার্থীর আবেদন করার বিষয়ে শর্তটি শিথিল করা যেতে পারে।
- প্রার্থী এ বিশ্ববিদ্যালয় অথবা অন্য কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে এমফিল ডিগ্রীপ্রাপ্ত হলে পিএইচডি প্রোগ্রামে ভর্তির নিমিত্তে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। তবে অন্য বিশ্ববিদ্যালয় হতে এমফিল ডিগ্রীধারী প্রার্থীকে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় একাডেমিক কমিটি কর্তৃক প্রণীত ও সুপারিশকৃত সংশ্লিষ্ট কোর্সে অতিরিক্ত কোর্স হিসেবে নিতে হবে।
- এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকগণ যাদের এ বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার ও গবেষণার ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা আছে এবং এ বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত স্ট্যাভার্ড একাডেমিক জার্নালে ন্যূনতম ০২টি গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হয়েছে তারা উপরোক্ত 'ক' ধারা পূরণ না করলেও পিএইচডি প্রোগ্রামে ভর্তির নিমিত্তে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবেন।

যে সকল প্রার্থী এ বিজ্ঞপ্তির মাধ্যমে নির্বাচিত হয়ে রেজিস্ট্রেশনের জন্য মনোনীত হবেন তাদের গবেষণার কার্যক্রম (১১-০১-২০০১ ইং তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের সুপারিশকৃত এবং ০৮-০২-২০০১ ইং তারিখে সিন্ডিকেটের ১৫৯তম সভায় অনুমোদিত) বিশ্ববিদ্যালয় প্রচলিত অর্ডিন্যান্স দ্বারা নিয়ামিত, নিয়ন্ত্রিত ও পরিচালিত হবে।

রেজিস্ট্রার

ইসলামী বিশ্ববিদ্যালয়

কুষ্টিয়া

পি-৮২৭/২০০২